



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘প্রত্নতত্ত্ব: ইতিহাস ও ঐতিহ্য’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের উদ্যোগে ‘প্রত্নতত্ত্ব: ইতিহাস ও ঐতিহ্য (Archeology : History and Heritage)’ শীর্ষক সেমিনার ৩০ জুলাই-২০১৮, সোমবার, সকাল ১০.৩০.টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোছাঃ খোদেজা খাতুন-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া বক্তব্য প্রদান করেন।

সেমিনারে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. সুফি মোস্তাফিজুর রহমান ‘A Talk on Buddhist Artifacts Recently Discovered from Wari Bateshwar and Vikrampur’ শীর্ষক এবং ভারতের কলকাতার এশিয়াটিক



সোসাইটির কিউরেটর ড. কেকা ব্যানার্জী ‘Buddhist Vestiges of West Bengal : A Asuvey’ শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন।

প্রবন্ধদ্বয়ের ওপর আলোকপাত করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. বুলবুল আহমদ। সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম। এসময় বিভিন্ন অনুষ্ঠানের ডিন, বিভাগের চেয়ারম্যান, ইতিহাস বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।